

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজারহাট,
কুড়িগ্রাম



www.doict.rajarhat.kurigram.gov.bd

রাজারহাট উপজেলার আইসিটি কমিটির জুন/২০২২ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	নূরে তাসনিম উপজেলা নির্বাহী অফিসার
সভার তারিখ	০৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ
সভার সময়	সকাল ১০.২০ ঘটিকা
স্থান	উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট- 'ক' দ্রষ্টব্য

সভাপতি সভার শুরুতেই উপজেলা আইসিটি কমিটির সম্মানিত উপদেষ্টা, উপজেলা পরিষদের চেয়ারম্যানসহ উপস্থিত সকল অতিথিকে স্বাগত জানান। বক্তব্যের শুরুতেই তিনি আইসিটি কমিটির উপদেষ্টা ও উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়কে স্বাগত বক্তব্য দিয়ে সভার কার্যক্রমের শুভ উদ্বোধন ঘোষণা করতে অনুরোধ জানান।

০২। উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান মহোদয় তাঁর স্বাগত বক্তব্যে বলেন বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে ও প্রধান মন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার ভিশন ২০৪১ বাস্তবায়নের মাধ্যমে দেশকে উন্নত, সমৃদ্ধ, সোনার বাংলা গড়তে চাইলে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির উন্নতি ও ব্যবহার নিশ্চিত করণের কোন বিকল্প নেই। তিনি উপজেলা আইসিটি কর্মকর্তার নিকট আইসিটি বিষয়ক সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম গ্রহণ, নতুন নতুন আইসিটি সেবা চালু করার আহ্বান জানান এবং এই ধারা অব্যাহত রেখে ডিজিটাল বাংলাদেশ গঠনের আশা ব্যক্ত করেন।

০৩। অতঃপর অধ্যকার সভার সভাপতি ও উপজেলা আইসিটি কমিটির সভাপতি জনাব নূরে তাসনিম এর পরিচালনা ও উপজেলা আইসিটি কমিটির সদস্য সচিব জনাব মোঃ তৌহিদুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর সঞ্চালনায় সভার কার্যক্রম শুরু হয়।

সভায় সম্মানিত সদস্যদের সক্রিয় অংশগ্রহণে আলোচনা এবং সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত/বিবরণ	বাস্তবায়নকারী ব্যক্তি/কর্তৃপক্ষ
০১	ডিজিটাল জনশুমারী	প্রথমবারের মত দেশব্যাপী ডিজিটাল জনশুমারী সম্পর্কে অবহিত করা হয়। ডিজিটাল জনশুমারি বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করা হয়। মাঠ পর্যায়ে উদ্ভূত সমস্যার তাৎক্ষণিক সমাধানের লক্ষ্যে আইটি সাপোর্ট টিম সবসময় প্রস্তুত থাকবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী প্রোগ্রামার ও জনশুমারির আইটি সাপোর্ট টিম

০২	SRDL	শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় রাজারহাট উপজেলায় ৪টি শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাব স্থাপন করা হয়। ল্যাব গুলোতে প্রাপ্ত ল্যাপটপ গুলো ঠিক আছে কিনা তা যাচাইয়ে সরজমিনে পরিদর্শন করা হয়। প্রকল্প দপ্তরের চাহিত তথ্য অনুযায়ী প্রতিষ্ঠান গুলোর ল্যাবের ল্যাপটপ গুলোর তথ্য প্রেরণ করা হয়। শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রকল্প (১ম পর্যায়) এর আওতায় রাজারহাট উপজেলায় ৪টি শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাব স্থাপন করা হয়। ল্যাব গুলোতে প্রাপ্ত মালামাল গুলোর হালনাগাদ তথ্য সংগ্রহে সরজমিনে পরিদর্শন করা হয়। প্রকল্প দপ্তরের চাহিত তথ্য অনুযায়ী প্রতিষ্ঠান গুলোর ল্যাবের মালামালের হালনাগাদ তথ্য প্রেরণ করা হয়।	সংশ্লিষ্ট দপ্তর প্রধান ও সহকারী প্রোগ্রামার
০৩	মুক্তপাঠে ডিজিটাল নিরাপত্তা সার্টিফিকেট সংগ্রহ	তথ্য প্রযুক্তির এই যুগে সকলের সাইবার সচেতনতা বৃদ্ধি, অনলাইন নিরাপত্তা, ই-মেইল ও সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যবহার, ডিজিটাল নিরাপত্তা আইন, এবং ব্যক্তি বিশেষে করণীয় সম্পর্কে অবহিতকরণ পূর্বক উপস্থিত সকলের মুক্তপাঠে রেজিস্ট্রেশন সম্পন্ন করানো হয়। সকলে মুক্তপাঠ থেকে ডিজিটাল নিরাপত্তার সার্টিফিকেট সংগ্রহ করবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপস্থিত সকল
০৪	ওয়েব পোর্টাল	১) সেবা সহজীকরণে ওয়েব পোর্টাল হালনাগাদের কোন বিকল্প নেই বলে সবাই বিশ্বাস। সকল নোটিশ, সভার কার্যবিবরণী, বিভিন্ন দিবসের সময়সূচী ইত্যাদি ওয়েব পোর্টালে দেওয়া হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়। ২) জাতীয় তথ্য বাতায়নকে সমৃদ্ধ ও হালনাগাদ করতে উপজেলার সকল সরকারি দপ্তর ও ইউনিয়ন পরিষদ এর সংশ্লিষ্ট সবাইকে সর্বোচ্চ আন্তরিক হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। ৩) পোর্টালকে বাংলা ও ইংরেজিতে সমৃদ্ধ করতে হবে, যাতে জাতীয় ও আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশ ভাল র্যাঙ্কিং পায়। ৪) ইউনিয়ন পরিষদের পোর্টাল হালনাগাদ করার নিমিত্তে নবনির্বাচিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সাধারণ সদস্য ও সংরক্ষিত মহিলা সদস্যদের তথ্য চাওয়া হয়।	সহকারী প্রোগ্রামার ও সংশ্লিষ্ট দপ্তর

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



নূরে তাসনিম

উপজেলা নির্বাহী অফিসার

স্মারক নম্বর: ০০.০০.০০০০.০০০.০৬.০০১.১৯.৪

তারিখ: ৫ আষাঢ়, ১৪২৯

১৯ জুন ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ২) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কুড়িগ্রাম
- ৩) সহকারী প্রোগ্রামার(সকল) কুড়িগ্রাম
- ৪) সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (বুটিন দায়িত্ব), প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কুড়িগ্রাম



মোঃ তৌহিদুল ইসলাম

সহকারী প্রোগ্রামার